

আ ষা ঢ়

কা জী জ হি রু ল ই স লা ম

ধর্মজালে শাড়ি পরা রঙিন বৈচা মাছ
একখালা সোনার মোহর
লাফাতে লাফাতে নামে কৈবর্ত গাঁয়ে

ভাটিয়ালী দেশে আইছে আষাঢ়
পাক দেওয়া ঘোলা জল
ছেকে ছেকে তোল সোনার মোহর
খাড়া বেইল মাথার ওপর, অহন অঙ্ক জোহর
ঘোলা জল ছেকে তোল রূপার মোহর
তোল সোনার মোহর

আস্তা, চাঁই, কৈয়া জাল, চাচ, ফালা
সামালকে ধর, সব জলে ঢাল, সাবধানে ফালা

কই গেলি গিরীধর মাধব অবনী রাখাল
চল ধরি খৈলশা পুটি গৈন্যা আর
পীড়ের বোয়াল

ঘোলা জল পাক দেয় বুকুর ভিতর
সারারাত জেগে থাকে রসের ইতর।

আবিদজান, আইভরিকোস্ট
২২ নভেম্বর, ২০০৫